



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

## শোক বার্তা

তারিখ: ০৯ ফেব্রুয়ারি, ২০২৫, রবিবার

সাবেক প্রধান নির্বাচন কমিশনার বিচারপতি মোহাম্মদ আবদুর রউফ অদ্য ০৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় ঢাকার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইম্মা লিল্লাহি ওয়া ইম্মা ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯১ বছর।

মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ ছেলে ১ মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তিনি ২৫ ডিসেম্বর ১৯৯০ থেকে ১৮ এপ্রিল ১৯৯৫ তারিখ পর্যন্ত মাননীয় প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন।

মরহম সাবেক প্রধান নির্বাচন কমিশনার বিচারপতি মোহাম্মদ আবদুর রউফ এর মৃত্যুতে বাংলাদেশ নির্বাচন কমিশন ও নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ গভীরভাবে শোকাহত।

নির্বাচন কমিশনের সকল কর্মকর্তা/কর্মচারী মরহমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

( মোঃ শরিফুল আলম )  
পরিচালক (জনসংযোগ)  
ফোন: ৫৫০০৭৫২০